গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
জননিরাপত্তা বিভাগ
প্রশাসন-৩ শাখা

## জননিরাপত্তা বিভাগের অধীন অধিদপ্তর/সংস্থাসমূহের জুলাই/২০২৩ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ মোস্তাফিজুর রহমান. বিপিএএ<br>সিনিয়র সচিব |
| সভার তারিখ | ২০ জুলাই, ২০২৩ |
| সভার সময় | সকাল ১০.০০ টা |
| স্থান | সম্মেলন কক্ষ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় |
| উপস্থিতি | পরিশিষ্ট-‘ক’ |

সভাপতি সভায় উপস্থিত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), অতিরিক্ত সচিব (রাজনৈতিক ও আইসিটি), অতিরিক্ত সচিব (আনসার ও সীমান্ত), অতিরিক্ত সচিব (উন্নয়ন), যুগ্মসচিব (পুলিশ-১), যুগ্মসচিব (পুলিশ-২), যুগ্মসচিব (আনসার), যুগ্মসচিব (বাজেট), যুগ্মসচিব (প্রশাসন) এবং অধিদপ্তর/সংস্থাসমূহের প্রধানের প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন। সভাপতি বলেন একটি সুশৃঙ্খল আপটুডেট ওয়েব সাইটের উপর নির্ভর করে ঐ দপ্তর/সংস্থার কার্যক্রম প্রতিফলিত হয়। দপ্তর/সংস্থার আপডেট ওয়েব সাইটের উপর ভিত্তি করে দেশের বিভিন্ন শ্রেণীর পেশার জনগণ উক্ত সংস্থার কার্যক্রম সম্পর্কে সম্যক ধারণা লাভ করে থাকে। দেশে তো বটেই বহিঃবিশ্বে এর যথেষ্ট গুরুত্ব বহন করে। তাই এ বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থার ওয়েব সাইট এটুআই এর ফরমেট অনুযায়ী সংযোজন ও প্রয়োজনীয় তথ্য আপডেট করার উপরে গুরুত্বারোপ করেন। দপ্তর/সংস্থা এবং বাহিনীগুলোকে যুগোপযোগীকরণে বিভিন্ন কার্যক্রম গ্রহণের উদ্যোগ গ্রহণ করার বিষয়ে গুরুত্বারোপ করেন। ডিজিটাল বর্ডার ম্যানেজমেন্ট সিস্টেম এবং সমুদ্রগামী মাছ ধরার নৌকাসমূহকে মনিটরিং এর আওতায় নিয়ে আসার বিষয়ে কার্যক্রম গ্রহণ করা যায় কি না সে বিষয়ে আলোকপাত করেন। গত সভার কার্যবিবরণীর কোন সংযোজন বা সংশোধন না থাকায় তা দৃঢীকরণ করা হয়। অতঃপর অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)-কে সভা পরিচালনার জন্য অনুরোধ জানান।
অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) এর অনুমতিক্রমে উপসচিব (প্রশাসন-৩) সভার কার্যপত্রের সিদ্ধান্তসমূহ ধারাবাহিকভাবে সভায় উপস্থাপন করেন।

সভায় এটু্আই এর ফরমেট অনুযায়ী সংযোজন এবং প্রয়োজনীয় তথ্য আপডেট করে সকল দপ্তর সংস্থার website হালনাগাদ করে তাদের উল্লেখযোগ্য অর্জন ও কার্যাবলীর সচিত্র বিবরণী মেনুবারে নতুন করে সংযোজন করা এবং প্রয়োজনীয় তথ্য আপডেট করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। মন্ত্রণালয়ের সাথে দপ্তর/সংস্থার একটি ক্রম ভিত্তিক ট্রি তৈরি করে পারস্পারিক যোগাযোগ বাড়ানোর বিষয়ে মতামত ব্যক্ত করেন। APA, NIS ও Citizen’s Charter ইত্যাদি’র সূচকসমূহ যথাসময়ে পূরণ করা এবং প্রয়োজনীয় প্রশিক্ষণ/ ওয়ার্কশপ আয়োজনের বিষয়ে গুরুত্বারোপ করেন। অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) এই শিরোনামটি আরো সহজবোধ্য করে উপস্থাপন এবং এ সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিসহ সকল দপ্তর/সংস্থার মাঠ পর্যায়ের কার্যালয়সমূহে এবং টেলিভিশন ও সামাজিক যোগাযোগ মাধ্যমে এ বিষয়ে প্রচারণা বাড়াতে বিভিন্ন কার্যক্রম গ্রহণ করতে হবে মর্মে মত প্রকাশ করা হয়। এছাড়াও অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সম্পর্কে ব্যাপক ধারণা অর্জন ও জনসচেতনতা বৃদ্ধি করতে হবে এবং প্রয়োজনে সংশ্লিষ্টদের প্রশিক্ষণের আয়োজন করতে হবে।

সভায় অংশগ্রহণকারী দপ্তর/সংস্থাসমূহের প্রতিনিধিগণ নিজ নিজ দপ্তর/সংস্থাসমূহের কার্যক্রম বিস্তারিত আলোচনা করেন। জননিরাপত্তা বিভাগের নির্দেশনায় সকল দপ্তর/ সংস্থা দেশের মানুষের নিরাপত্তা নিশ্চিতসহ আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণে ব্যবস্থা গ্রহণ করছে মর্মে তারা সভায় উল্লেখ করেন।

বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয় :

| ক্র:নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ০১ | দপ্তর/সংস্থার website হালনাগাদ করে কর্মকর্তাদের নামের তালিকা ও যোগাযোগের জন্য অফিসিয়াল টেলিফোন নম্বর সংযুক্ত করতে হবে। পুলিশ অধিদপ্তরের বর্তমান ওয়েবসাইটি এটুআই এর ফরমেট অনুযায়ী হালনাগাদকরণের বিষয়ে পুলিশ অধিদপ্তররের সংশ্লিষ্ট কর্মকর্তা'কে এ বিভাগের সিস্টেম এনালিষ্ট এর সাথে নিয়মিত যোগাযোগ এবং পারস্পরিক সহযোগিতার মাধ্যমে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। যে সকল দপ্তর/সংস্থার ওয়েবসাইটে সাফল্য ও অর্জন মেনুবার যুক্ত হয়নি তাদের জরুরিভিত্তিতে সংযোজন করে কন্টেন্ট যুক্ত করতে হবে। | দপ্তর/সংস্থা সকল/ সিস্টেম এনালিস্ট |
| ০২ | অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) বিষয়ে ভিডিও, টিভিসি, ব্যানার, ফেস্টুন তৈরি করে ও সামাজিক যোগাযোগ মাধ্যমসহ টেলিভিশন স্ক্রলে ব্যাপক প্রচার প্রচারণার লক্ষ্যে কার্যক্রম গ্রহণ করতে হবে। প্রতি সপ্তাহে জিআরএস সিস্টেমে এ বিভাগের যুগ্মসচিব (আইন) কর্তৃক লগইন করে দাখিলকৃত অভিযোগ তালিকাভুক্ত করে নিস্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে। সকল দপ্তর/ সংস্থার মাঠ পর্যায়ের কার্যালয়সমূহে এর কার্যক্রম বাড়ানোর লক্ষ্যে দপ্তর/সংস্থাসমূহকে পত্র প্রেরণ করতে হবে। প্রশিক্ষণ/ ওয়ার্কশপ আয়োজন অব্যাহত রাখতে হবে। | দপ্তর/সংস্থা সকল/ যুগ্মসচিব (আইন)/সিস্টেম এনালিস্ট |
| ০৩ | রিপোর্ট ম্যানেজমেন্ট সিস্টেম (RMS) এর বিষয়ে তথ্য প্রেরণের জন্য পত্র প্রেরণ করতে হবে এবং জননিরাপত্তা বিভাগ ও দপ্তর/সংস্থার প্রতিনিধিদের নিয়ে প্রশিক্ষণ/কর্মশালা আয়োজন করতে হবে। | দপ্তর/সংস্থা সকল/ অনুবিভাগ প্রধান সকল/ সিস্টেম এনালিস্ট |
| ০৪ | জননিরাপত্তা বিভাগের আওতাধীন অধিদপ্তর/সংস্থাসমূহের ই-টেন্ডার এর কার্যক্রম অব্যাহত রাখতে হবে। সকল প্রকারের পন্যদ্রব্য ই-টেন্ডারিং এর আওতায় নিয়ে আসতে হবে। | দপ্তর/সংস্থা সকল/ প্রশাসন ও অর্থ অনুবিভাগ/ সিস্টেম এনালিস্ট |
| ০৫ | সিনিয়র সচিব পর্যায়ে নিষ্পিত্তিযোগ্য অডিট আপত্তিসমূহের তালিকা তৈরি করে নিষ্পত্তির প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। প্রযোজ্যক্ষেত্রে অডিট সংশ্লিষ্ট প্রতিনিধিদের নিয়ে ত্রি-পক্ষীয় সভার আয়োজন করতে হবে। পিপিআর এর সামান্য ব্যতয় হওয়ার কারণে যাতে ভবিষ্যতে অডিট আপত্তি না হয় সে সংক্রান্তে জননিরাপত্তা বিভাগ ও দপ্তর/সংস্থার অডিট সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিয়ে একটি প্রশিক্ষণ আয়োজন করতে হবে। এ বিষয়ে এজি অফিস, সেগুনবাগিচা হতে প্রশিক্ষক প্রেরণের জন্য পত্র প্রেরণ করতে হবে। | দপ্তর/সংস্থা সকল/ প্রশাসন ও অর্থ অনুবিভাগ |
| ০৬ | দপ্তর/সংস্থা হতে ৩টি করে ইনোভেশন আইডিয়া নিয়ে আগামী সেপ্টেম্বর ২০২৩ মাসে একটি ইনোভেশন শো-কেসিং কর্মশালার আয়োজন করতে হবে। | দপ্তর/সংস্থা সকল/ অনুবিভাগ প্রধান সকল/ সিস্টেম এনালিস্ট |
| ০৭ | পরবর্তী সভার পূর্বে দপ্তর/সংস্থার বিভিন্ন যুগোপযোগীকরণ প্রস্তাব/নীতিমালা প্রেরণ করবে। | দপ্তর/সংস্থা সকল |

**পরিশেষে সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।**

মোঃ মোস্তাফিজুর রহমান. বিপিএএ
সিনিয়র সচিব

স্মারক নম্বর: ৪৪.০০.০০০০.০২১.০৬.০০১.১৯.৩০৮

তারিখ: ১০ শ্রাবণ ১৪৩০
২৫ জুলাই ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) দপ্তর সংস্থা প্রধান (সকল)।

২) অতিরিক্ত সচিব (সকল), জননিরাপত্তা বিভাগ

৩) যুগ্মসচিব (সকল), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়

৪) উপসচিব (সকল), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়

৫) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জননিরাপত্তা বিভাগ

৬) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, জননিরাপত্তা বিভাগ

৭) সিনিয়র সহকারী সচিব (সকল), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়

৮) সহকারী সচিব (সকল), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়

ফৌজিয়া খান
উপসচিব